$= \frac{169}{2}$ বর্গ একক বা $84\frac{1}{2}$ বর্গ একক **(Ans.)**

[বি:দ্র: পাঠ্যবইয়ের উত্তর ভুল আছে]

৭. A, B, C তিনটি বিন্দুর স্থানাঙ্ক যথাক্রমে A(a, a + 1), B(–6, –3) এবং C(5, –1)। AB এর দৈর্ঘ্য AC এর দৈর্ঘ্যের দ্বিগুণ হলে 'a' এর সম্ভাব্য মান এবং ত্রিভুজটির বৈশিষ্ট্য নির্ণয় কর।

সমাধান: দেওয়া আছে, A (a, a + 1), B (–6, – 3) এবং C (5, –1)
তাহলে, AB এর দৈর্ঘ্য $= \sqrt{(a+6)^2 + (a+1+3)^2}$
$= \sqrt{(a^2+12a+36) + (a^2+8a+16)}$
$= \sqrt{2a^2+20a+52}$ একক।

এবং AC এর দৈর্ঘ্য $= \sqrt{(a-5)^2 + (a+1+1)^2}$
$= \sqrt{(a^2-10a+25) + (a^2+4a+4)}$
$= \sqrt{2a^2-6a+29}$ একক।

প্রশ্নানুসারে, AB এর দৈর্ঘ্য = 2 (AC এর দৈর্ঘ্য)

বা, $\sqrt{2a^2+20a+52} = 2\left(\sqrt{2a^2-6a+29}\right)$

বা, $2a^2+20a+52 = 4(2a^2-6a+29)$ [বর্গ করে]

বা, $2a^2+20a+52 = 8a^2-24a+116$

বা, $8a^2-24a+116-2a^2-20a-52 = 0$

বা, $6a^2-44a+64 = 0$

বা, $3a^2-22a+32 = 0$ [2 দ্বারা ভাগ করে]

বা, $3a^2-6a-16a+32 = 0$

বা, $3a(a-2)-16(a-2) = 0$

বা, $(a-2)(3a-16) = 0$

$\therefore a = 2, \frac{16}{3}$

∴ a এর সম্ভাব্য মানসমূহ 2 এবং $\frac{16}{3}$ **(Ans.)**

a = 2 হলে,

AB এর দৈর্ঘ্য $= \sqrt{2.2^2+20.2+52}$
$= \sqrt{8+40+52}$
$= \sqrt{100} = 10$ একক

AC এর দৈর্ঘ্য $= \sqrt{2.2^2-6.2+29}$
$= \sqrt{8-12+29}$
$= \sqrt{25} = 5$ একক

আবার BC এর দৈর্ঘ্য $= \sqrt{(-6-5)^2 + (-3+1)^2}$
$= \sqrt{121+4}$
$= \sqrt{125}$
$= 5\sqrt{5}$ একক।

দেখা যাচ্ছে, $AB^2 + AC^2 = 10^2 + 5^2$
$= 100 + 25$
$= 125$
$= (5\sqrt{5})^2$
$= BC^2$

∴ পীথাগোরাসের সূত্রানুসারে, ΔABC একটি সমকোণী ত্রিভুজ, BC অতিভুজ এবং $\angle BAC$ সমকোণ।

আবার, $a = \frac{16}{3}$ হলে,

AB এর দৈর্ঘ্য $= \sqrt{2.\left(\frac{16}{3}\right)^2 + 20.\frac{16}{3} + 52}$
$= \sqrt{2.\frac{256}{9} + \frac{320}{3} + 52}$
$= \sqrt{\frac{512+960+468}{9}}$
$= \sqrt{\frac{1940}{9}}$
$= \frac{\sqrt{1940}}{3}$ একক

www.bdniyog.com
www.pathagar.com

AC এর দৈর্ঘ্য $= \sqrt{2 . \left(\frac{16}{3}\right)^2 - 6 . \frac{16}{3} + 29}$

$= \sqrt{\frac{512}{9} - 32 + 29}$

$= \sqrt{\frac{512 - 288 + 261}{9}}$

$= \frac{\sqrt{485}}{3}$ একক

এবং BC এর দৈর্ঘ্য $= 5\sqrt{5}$ একক

যেহেতু $AB \neq AC \neq BC$ সুতরাং ত্রিভুজটি বিষমবাহু ত্রিভুজ।

৮. নিম্নোক্ত চতুর্ভুজসমূহের ক্ষেত্রফল নির্ণয় কর [পদ্ধতি ২ ব্যবহার করা:

(i) (0, 0), (–2, 4), (6, 4), (4, 1)
(ii) (1, 4), (–4, 3), (1, – 2), (4, 0)
(iii) (1, 0), (–3, –3), (4, 3), (5, 1)

সমাধান: (i) (0, 0), (–2, 4), (6, 4), (4, 1)



প্রদত্ত বিন্দুসমূহকে গ্রাফ কাগজে বসিয়ে পাই,
A(0, 0), B(4, 1), C(6, 4) ও D(–2, 4)
বিন্দুসমূহকে ঘড়ির কাঁটার বিপরীত দিকে নিয়ে চতুর্ভুজক্ষেত্র

ABCD এর ক্ষেত্রফল $= \frac{1}{2}\begin{vmatrix} 0 & 4 & 6 & -2 & 0 \\ 0 & 1 & 4 & 4 & 0 \end{vmatrix}$ বর্গ একক

$= \frac{1}{2}\{0 + 16 + 24 + 0 - 0 - 6 - (-8) - 0\}$ বর্গ একক

$= \frac{1}{2}(16 + 24 - 6 + 8)$ বর্গ একক

$= \frac{1}{2}(48 - 6)$ বর্গ একক

$= \frac{1}{2}(42)$ বর্গ একক

$= 21$ বর্গ একক **(Ans.)**

(ii) (1, 4), (–4, 3), (1, – 2), (4, 0)



প্রদত্ত বিন্দুসমূহকে গ্রাফ কাগজে বসিয়ে পাই,
A(1, 4), B(–4, 3), C(1, – 2) ও D(4, 0)
বিন্দুসমূহকে ঘড়ির কাঁটার বিপরীত দিকে নিয়ে চতুর্ভুজক্ষেত্র

ABCD এর ক্ষেত্রফল $= \frac{1}{2}\begin{vmatrix} 1 & -4 & 1 & 4 & 1 \\ 4 & 3 & -2 & 0 & 4 \end{vmatrix}$ বর্গ একক

$= \frac{1}{2}\{3 + 8 + 0 + 16 - (-16) - 3 - (-8) - 0\}$ বর্গ একক

$= \frac{1}{2}(3 + 8 + 16 + 16 - 3 + 8)$ বর্গ একক

$= \frac{1}{2}(51 - 3)$ বর্গ একক

$= \frac{1}{2}(48)$ বর্গ একক

$= 24$ বর্গ একক **(Ans.)**

(iii) (1, 0), (–3, 3), (4, 3), (5, 1)



প্রদত্ত বিন্দুসমূহকে গ্রাফ কাগজে বসিয়ে পাই,
A(1, 0), B(5, 1), C(4, 3) ও D(–3, 3)
বিন্দুসমূহকে ঘড়ির কাঁটার বিপরীত দিকে নিয়ে চতুর্ভুজক্ষেত্র

ABCD এর ক্ষেত্রফল $= \frac{1}{2}\begin{vmatrix} 1 & 5 & 4 & -3 & 1 \\ 0 & 1 & 3 & 3 & 0 \end{vmatrix}$ বর্গ একক

$= \frac{1}{2}(1 + 15 + 12 + 0 - 0 - 4 + 9 - 3)$ বর্গ একক

$= \frac{1}{2}(37 - 7)$ বর্গ একক

$= \frac{1}{2}(30)$ বর্গ একক

$= 15$ বর্গ একক **(Ans.)**

৯. দেখাও যে, A(2, – 3), B(3, – 1), C(2, 0), D(–1, 1) এবং E(–2, –1) শীর্ষবিশিষ্ট বহুভুজের ক্ষেত্রফল 11 বর্গ একক।

সমাধান: প্রদত্ত বিন্দুগুলো A(2, –3), B(3, –1), C(2, 0), D(–1, 1) এবং E(–2, –1) শীর্ষবিন্দু বিশিষ্ট বহুভুজটি পঞ্চভুজ ABCDE এর শীর্ষবিন্দু।

∴ বিন্দুসমূহকে ঘড়ির কাঁটার বিপরীত দিকে নিয়ে পঞ্চভুজ ABCDE এর ক্ষেত্রফল

$= \frac{1}{2}\begin{vmatrix} 2 & 3 & 2 & -1 & -2 & 2 \\ -3 & -1 & 0 & 1 & -1 & -3 \end{vmatrix}$ বর্গ একক

$= \frac{1}{2}\{-2 + 0 + 2 + 1 + 6 - (-9) - (-2) - 0 - (-2) - (-2)\}$ বর্গ একক

$= \frac{1}{2}(-2 + 0 + 2 + 1 + 6 + 9 + 2 + 0 + 2 + 2)$ বর্গ একক

$= \frac{1}{2} \times 22$ বর্গ একক

$= 11$ বর্গ একক **(দেখানো হলো)**

www.bdniyog.com
www.pathagar.com

১০. একটি চতুর্ভুজের চারটি শীর্ষ A(3, 4), B(–4, 2), C(6, –1) এবং D(p, 3) এবং শীর্ষসমূহ ঘড়ির কাঁটার বিপরীত দিকে আবর্তিত। ABCD চতুর্ভুজের ক্ষেত্রফল ত্রিভুজ ABC এর ক্ষেত্রফলের দ্বিগুণ হলে p এর মান নির্ণয় কর।

সমাধান: দেওয়া আছে, ABCD চতুর্ভুজের চারটি শীর্ষ যথাক্রমে A(3, 4), B(–4, 2), C(6, –1) এবং D(p, 3) এবং শীর্ষসমূহ ঘড়ির কাঁটার বিপরীত দিকে আবর্তিত।

বিন্দুসমূহকে ঘড়ির কাঁটার বিপরীত দিকে নিয়ে চতুর্ভুজ ক্ষেত্র ABCD এর ক্ষেত্রফল

$= \frac{1}{2}\begin{vmatrix} 3 & -4 & 6 & p & 3 \\ 4 & 2 & -1 & 3 & 4 \end{vmatrix}$ বর্গ একক

$= \frac{1}{2}\{6 + 4 + 18 + 4p - (-16) - 12 - (-p) - 9\}$ বর্গ একক

$= \frac{1}{2}(6 + 4 + 18 + 4p + 16 - 12 + p - 9)$ বর্গ একক

$= \frac{1}{2}(23 + 5p)$ বর্গ একক

আবার, A, B ও C বিন্দুকে ঘড়ির কাঁটার বিপরীত দিকে নিয়ে ত্রিভুজক্ষেত্র ABC এর ক্ষেত্রফল

$= \frac{1}{2}\begin{vmatrix} 3 & -4 & 6 & 3 \\ 4 & 2 & -1 & 4 \end{vmatrix}$ বর্গ একক

$= \frac{1}{2}\{6 + 4 + 24 - (-16) - 12 - (-3)\}$ বর্গ একক

$= \frac{1}{2}(6 + 4 + 24 + 16 - 12 + 3)$ বর্গ একক

$= \frac{1}{2}(53 - 12)$ বর্গ একক

$= \frac{41}{2}$ বর্গ একক

প্রশ্নমতে, ABCD চতুর্ভুজক্ষেত্রের ক্ষেত্রফল = 2 × ABC ত্রিভুজক্ষেত্রের ক্ষেত্রফল

বা, $\frac{1}{2}(23 + 5p) = 2 \times \frac{41}{2}$

বা, $23 + 5p = 41 \times 2$

বা, $5p = 82 - 23$

বা, $5p = 59$

$\therefore p = \frac{59}{5}$ **(Ans.)**

মাস্টার ট্রেইনার প্রণীত সৃজনশীল বহুনির্বাচনি প্রশ্ন

★★★ ১১.৩ ত্রিভুজক্ষেত্রের ক্ষেত্রফল | Text পৃষ্ঠা-২৩১

- a, b, c ত্রিভুজের তিনটি বাহুর দৈর্ঘ্য হলে এবং s ত্রিভুজের অর্ধপরিসীমা হলে, ত্রিভুজের ক্ষেত্রফল $= \sqrt{s(s-a)(s-b)(s-c)}$ বর্গ একক যেখানে, $s = \frac{1}{2}(a + b + c)$ একক
- $A(x_1, y_1)$, $B(x_2, y_2)$ এবং $C(x_3, y_3)$ ত্রিভুজের তিনটি শীর্ষবিন্দু হলে, ক্ষেত্রফল $= \frac{1}{2}(x_1y_2 + x_2y_3 + x_3y_1 - x_2y_1 - x_3y_2 - x_1y_3)$ বর্গ একক।

$$= \frac{1}{2}\begin{vmatrix} x_1 & x_2 & x_3 & x_1 \\ y_1 & y_2 & y_3 & y_1 \end{vmatrix}$$ বর্গ একক

- চতুর্ভুজের ক্ষেত্রফল $= \frac{1}{2}\begin{vmatrix} x_1 & x_2 & x_3 & x_4 & x_1 \\ y_1 & y_2 & y_3 & y_4 & y_1 \end{vmatrix}$ বর্গ একক

১. কোনো ত্রিভুজের বাহু তিনটির দৈর্ঘ্য যথাক্রমে 3, 4 ও 5 একক হলে তার ক্ষেত্রফল কত বর্গ একক? (কঠিন) [কাদিরাবাদ ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল, নাটোর; ভি. জে সরকারি মাধ্যমিক বিদ্যালয়, চুয়াডাঙ্গা; সামসুল হক খান স্কুল এন্ড কলেজ, ঢাকা]

ক 2 খ 4 গ 6 ঘ 8 **গ**

ব্যাখ্যা: $s = \frac{1}{2}(3 + 4 + 5) = 6$

$\therefore$ ক্ষেত্রফল $= \sqrt{s(s-a)(s-b)(s-c)} = \sqrt{6(6-3)(6-4)(6-5)}$
$= \sqrt{6 \times 3 \times 2 \times 1} = \sqrt{36} = 6$ বর্গ একক

২. ABCD একটি বর্গক্ষেত্র। $\Delta ABC = 2$ বর্গ একক হলে, ABCD এর ক্ষেত্রফল কত? (মধ্যম)

ক 1 খ 2 গ 3 ঘ 4 **গ**

ব্যাখ্যা: ABCD = 2 × ΔABC = 2 × 2 = 4 বর্গ একক।

৩. EFGH একটি বর্গক্ষেত্রের EF = 3 একক এর কর্ণের দৈর্ঘ্য কত? (মধ্যম)

ক $3\sqrt{2}$ খ 3 গ $2\sqrt{3}$ ঘ 2 **ক**

ব্যাখ্যা: আমরা জানি, কোনো বর্গক্ষেত্রের বাহুর দৈর্ঘ্য a একক হলে কর্ণের দৈর্ঘ্য $= \sqrt{2}a = 3\sqrt{2}$ [$\because a = 3$]

৪. স্থানাঙ্কের সাহায্যে ত্রিভুজের ক্ষেত্রফল নির্ণয়ের সূত্র কোনটি? (সহজ)

ক $\frac{1}{2}\begin{vmatrix} x_1 & x_2 & x_3 & x_1 \\ y_1 & y_2 & y_3 & y_1 \end{vmatrix}$ খ $\frac{1}{2}\begin{vmatrix} x_2 & x_3 & x_1 & x_1 \\ y_2 & y_3 & y_1 & y_1 \end{vmatrix}$

গ $\frac{1}{2}\begin{vmatrix} x_1 & x_2 & x_1 \\ y_1 & y_2 & y_3 \end{vmatrix}$ ঘ $\frac{1}{2}\begin{vmatrix} x_1 & x_2 & x_3 & x_1 \\ y_1 & y_2 & y_3 & y_1 \end{vmatrix}$ **ক**

৫. A(2, 3), B(5, 6) ও C(–1, 4) বিন্দু দ্বারা গঠিত ত্রিভুজের ক্ষেত্রফল কত বর্গ একক? (মধ্যম) [মাতৃপীঠ সরকারী বালিকা উচ্চ বিদ্যালয়, চাঁদপুর]

ক 6 খ 15 গ 18 ঘ 20 **ক**

৬. O (0, 0), A(6, 0), B(0, 8) শীর্ষ বিশিষ্ট ত্রিভুজের ক্ষেত্রফল কত বর্গ একক? (কঠিন)

ক 10 খ 16 গ 20 ঘ 24 **গ**

ব্যাখ্যা: এখানে, O মূলবিন্দু, A, x-অক্ষের উপর এবং B, y-অক্ষের উপর অবস্থিত।

$\therefore$ ক্ষেত্রফল $= \frac{1}{2} \times OA \times OB = \frac{1}{2} \times 6 \times 8 = 24$ বর্গ একক

৭. O (0, 0), A(–2, 0), B(0, 6) হলে ΔOAB এর ক্ষুদ্রতম বাহুর দৈর্ঘ্য কত? (সহজ)

ক 8 খ 6 গ $2\sqrt{5}$ ঘ 2 **গ**

ব্যাখ্যা: $OA = 2$, $OB = 6$, $AB = \sqrt{(-2-0)^2 + (0-6)^2} = \sqrt{40} = 2\sqrt{10}$

৮. P(3, 0), Q(0, 1) R(–1, r) শীর্ষ বিশিষ্ট ত্রিভুজের ক্ষেত্রফল 5 বর্গ একক হলে r এর মান কত? (কঠিন) [মাতৃপীঠ সরকারী বালিকা উচ্চ বিদ্যালয়, চাঁদপুর]

ক –2 খ –1 গ 0 ঘ 1 **ক**

ব্যাখ্যা: $\frac{1}{2}\begin{vmatrix} 3 & 0 & -1 & 3 \\ 0 & 1 & r & 0 \end{vmatrix} = 5$ বা, $3 + 0 + 0 - 0 + 1 - 3r = 10$

বা $-3r = 10 - 4 = 6$ $\therefore r = -2$

৯. A(–a, 0), B(0, –a), C(a, 0) হলে ΔABC এর ক্ষেত্রফল কত বর্গ একক? (মধ্যম)

ক 2a খ $a^2\sqrt{2}$ গ a^2 ঘ $2\sqrt{a}$ **গ**

ব্যাখ্যা: $\Delta ABC = \frac{1}{2}\begin{vmatrix} -a & 0 & a & -a \\ 0 & -a & 0 & 0 \end{vmatrix} = \frac{1}{2}(a^2 + 0 + 0 - 0 + a^2 - 0)$
$= \frac{1}{2} \times 2a^2 = a^2$

১০. একটি ত্রিভুজের তিনটি শীর্ষ বিন্দু A(–2, 0), B(5, 0) এবং C(1, 4) হলে ত্রিভুজটির আকার কিরূপ? (মধ্যম)

ক সমকোণী খ সমবাহু গ বিষমবাহু ঘ সমদ্বিবাহু **গ**

ব্যাখ্যা: $AB(7) \neq BC(4\sqrt{2}) \neq CA(5)$ ত্রিভুজটি বিষমবাহু।

১১. একটি চতুর্ভুজের চারটি শীর্ষবিন্দু A(1, 0), B(0, 1), C(–1, 0) এবং D(0, –1) হলে চতুর্ভুজের ক্ষেত্রফল কত বর্গ একক? (মধ্যম)

ক $\sqrt{2}$ খ 2 গ 4 ঘ +12 **গ**

www.bdniyog.com

www.pathagar.com

১২. O (0, 0), A(a, 0), B(a, a), C(0, a) হলে OABC চতুর্ভুজটির নাম কী? (মধ্যম)

ক রম্বস খ বর্গক্ষেত্র গ আয়তক্ষেত্র ঘ সামান্তরিক **খ**

ব্যাখ্যা: OABC চতুর্ভুজের O মূলবিন্দু, A, x-অক্ষের উপর এবং C, y-অক্ষের উপর অবস্থিত। সুতরাং ∠AOC = 1 সমকোণ।
এবং OA = OC = AB = BC = a ∴ OABC একটি বর্গক্ষেত্র।

১৩. A(–a, 0), B(0, –a), C(a, 0), D(0, a) শীর্ষবিশিষ্ট ABCD চতুর্ভুজের ক্ষেত্রফল কত বর্গ একক? (কঠিন)

ক $2a^2$ খ a^2 গ $a^2\sqrt{2}$ ঘ $a\sqrt{3}$ **ক**

ব্যাখ্যা: ABCD এর ক্ষেত্রফল $= \frac{1}{2}\begin{vmatrix} -a & 0 & a & 0 & -a \\ 0 & -a & 0 & a & 0 \end{vmatrix}$

$= \frac{1}{2}(a^2 + 0 + a^2 + 0 - 0 + a^2 - 0 + a^2)$

$= \frac{1}{2} \times 4a^2 = 2a^2$ বর্গ একক।

১৪. একটি ত্রিভুজের বাহুগুলোর দৈর্ঘ্য যথাক্রমে 3, 4 ও 5 একক হলে–
[কৃষি বিশ্ববিদ্যালয় হাই স্কুল, ময়মনসিংহ]

i. s = 12
ii. ত্রিভুজটির ক্ষেত্রফল 6 বর্গ একক
iii. ত্রিভুজটি সমকোণী

নিচের কোনটি সঠিক? (মধ্যম)

ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii **গ**

ব্যাখ্যা: i. সঠিক নয়; কারণ, $s = \frac{1}{2}(3 + 4 + 5) = 6$.

১৫. একটি ত্রিভুজের বাহুগুলোর দৈর্ঘ্য যথাক্রমে $10, 5\sqrt{2}$ ও $5\sqrt{2}$ একক–

i. ত্রিভুজটি সমদ্বিবাহু
ii. ত্রিভুজটি সমকোণী
iii. ত্রিভুজটির অতিভুজের উপর অঙ্কিত বর্গক্ষেত্রের ক্ষেত্রফল 50 বর্গ একক

নিচের কোনটি সঠিক? (মধ্যম)

ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii **ক**

ব্যাখ্যা: $10^2 = (5\sqrt{2})^2 + (5\sqrt{2})^2$ বা, 100 = 50 + 50 = 100

১৬. একটি ত্রিভুজের ৩টি শীর্ষ যথাক্রমে A (1, 0), B (0, 1) এবং C (–1, 0) হলে–

i. A বিন্দুটি X-অক্ষের উপর অবস্থিত
ii. C বিন্দুটি Y-অক্ষের উপর অবস্থিত
iii. AC এর দৈর্ঘ্য 2 একক

নিচের কোনটি সঠিক? (সহজ)

ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii **খ**

১৭. একটি ত্রিভুজের তিনটি শীর্ষ যথাক্রমে A (1, 3), B (5, 1) এবং C (3, r)। ΔABC এর ক্ষেত্রফল 4 বর্গ একক হলে–

i. ΔABC এর ক্ষেত্রফল $= \frac{1}{2}\begin{vmatrix} 1 & 5 & 3 & 1 \\ 3 & 1 & r & 3 \end{vmatrix}$ বর্গ একক
ii. r = 4
iii. r = – 4

নিচের কোনটি সঠিক? (মধ্যম)

ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii **ক**

ব্যাখ্যা: $\frac{1}{2}(1 + 5r + 9 - 15 - 3 - r) = 4$ বা, $(4r - 8) = 8$ ∴ r = 4

১৮. $A(x_1\ y_1)$, $B(x_2, y_2)$, $C(x_3, y_3)$, $D(x_4, y_4)$ চারটি বিন্দু হলে–

i. AB বাহুর দৈর্ঘ্য $= \sqrt{(x_2 - x_1)^2 + (y_2 - y_1)^2}$
ii. ΔABC- এর ক্ষেত্রফল $= \frac{1}{2}\begin{vmatrix} x_1 & x_2 & x_3 & x_1 \\ y_1 & y_2 & y_3 & y_1 \end{vmatrix}$
iii. ABCD চতুর্ভুজের ক্ষেত্রফল $= \frac{1}{2}\begin{vmatrix} x_1 & x_2 & x_3 & x_1 \\ y_1 & y_2 & y_3 & y_1 \end{vmatrix}$

নিচের কোনটি সঠিক? (মধ্যম)

ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii **ক**

১৯. নিচের তথ্যগুলো লক্ষ কর:

i. দুইটি বিন্দুর দূরত্ব নির্ণয়ে পীথাগোরাসের উপপাদ্যের সাহায্য নেওয়া হয়।
ii. $y - 2x + 5 = 0$ রেখার ঢাল 2
iii. $3x + 5y = 0$ রেখাটি মূলবিন্দুগামী

নিচের কোনটি সঠিক?

ক i খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii **ঘ**

ব্যাখ্যা: ii. সঠিক, কারণ $y - 2x + 5 = 0$
বা, $y = 2x - 5$; যা $y = mx + c$ আকারের সমীকরণ,
∴ ঢাল m = 2
iii. সঠিক, কারণ, $3x + 5y = 0$
বা, $y = -\frac{3}{5}x$, যা মূলবিন্দুগামী রেখা $y = mx$ আকারের

নিচের তথ্যের ভিত্তিতে (২০-২৩) প্রশ্নের উত্তর দাও :

A(2, 5), B(–1, 1) এবং C(2, 1) একটি ত্রিভুজের তিনটি শীর্ষবিন্দু।

২০. AB বাহুর দৈর্ঘ্য কত একক? (সহজ)

ক $5\sqrt{2}$ খ 5 গ $2\sqrt{3}$ ঘ 2 **খ**

ব্যাখ্যা: $AB = \sqrt{(-1-2)^2 + (1-5)^2} = \sqrt{9 + 16} = 5$ একক

২১. BC বাহুর দৈর্ঘ্য কত একক? (সহজ)

ক 5 খ 4 গ 3 ঘ 2 **গ**

ব্যাখ্যা: $BC = \sqrt{(2 + 1)^2 + (1-1)^2} = \sqrt{9 + 0} = 3$ একক

২২. ত্রিভুজটির অর্ধপরিসীমা কত একক? (মধ্যম)

ক 6 খ 5 গ 4 ঘ 3 **ক**

ব্যাখ্যা: BC = 3 একক
$AC = \sqrt{(2-2)^2 + (1-5)^2} = \sqrt{0 + 16} = 4$
AB = 5 একক
∴ অর্ধপরিসীমা, $s = \frac{1}{2}(5 + 3 + 4) = \frac{12}{2} = 6$ একক

২৩. ত্রিভুজটির ক্ষেত্রফল কত বর্গ একক? (মধ্যম)

ক 12 খ $8\sqrt{2}$ গ $6\sqrt{2}$ ঘ 6 **ঘ**

ব্যাখ্যা: ক্ষেত্রফল $= \sqrt{s(s-a)(s-b)(s-c)} = \sqrt{6(6-3)(6-4)(6-5)}$
$= \sqrt{6 \times 1 \times 3 \times 2} = \sqrt{36} = 6$ বর্গ একক

নিচের তথ্যের আলোকে (২৪-২৫) নং প্রশ্নের উত্তর দাও:

O(0, 0), P(2, 0), Q(2, 2), R(0, 2) একটি বর্গের চারটি শীর্ষবিন্দু।

২৪. OP = কত? (সহজ)

ক 1 খ 2 গ 3 ঘ 4 **খ**

২৫. বর্গের ক্ষেত্রফল কত বর্গ একক? (সহজ)

ক 4 খ 6 গ 8 ঘ 12 **ক**

নিচের তথ্যের ভিত্তিতে (২৬-২৮) নং প্রশ্নের উত্তর দাও:

একটি বর্গের চারটি শীর্ষ যথাক্রমে A(1, 0), B(0, 1), C(–1, 0) এবং D(0, –1)

২৬. বর্গটির এক বাহুর দৈর্ঘ্য কত একক? (মধ্যম)

ক $2\sqrt{2}$ খ $\sqrt{3}$ গ $\sqrt{2}$ ঘ 1 **গ**

ব্যাখ্যা: $AB = \sqrt{(1-0)^2 + (0-1)^2} = \sqrt{1 + 1} = \sqrt{2}$ একক

২৭. বর্গটির উভয় কর্ণের যোগফল কত একক? (সহজ)

ক 8 খ 6 গ 4 ঘ 2 **গ**

ব্যাখ্যা: $AC = \sqrt{(1 + 1)^2 + (0-0)^2} = \sqrt{2^2} = 2$ একক
বর্গের ক্ষেত্রে, AC = BD
∴ কর্ণদ্বয়ের যোগফল = AC + BD = 2 + 2 = 4 একক

২৮. বর্গটির ক্ষেত্রফল কত বর্গ একক? (সহজ)

ক 2 খ 4 গ 6 ঘ 8 **ক**

ব্যাখ্যা: বর্গের ক্ষেত্রফল = $AB^2 = (\sqrt{2})^2 = 2$ বর্গ একক

নিচের তথ্যের ভিত্তিতে (২৯-৩১) নং প্রশ্নের উত্তর দাও:

একই সমতলে অবস্থিত একটি বহুভুজের শীর্ষবিন্দুগুলি A(2, –3), B(3, –1), C(2, 0), D(–1, 1), E(–2, –1)

২৯. ΔABC এর ক্ষেত্রফল কত বর্গ একক? (কঠিন)
[লক্ষ্মীপুর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়]

ক 1.5 খ 3 গ 4.5 ঘ 9 **ক**

ব্যাখ্যা: $\Delta ABC = \frac{1}{2}\begin{vmatrix} 2 & 3 & 2 & 2 \\ -3 & -1 & 0 & -3 \end{vmatrix}$

$= \frac{1}{2}(-2 + 0 - 6 + 9 + 2 - 0) = \frac{3}{2} = 1.5$ বর্গ একক

৩০. ABCD চতুর্ভুজের ক্ষেত্রফল 6 বর্গ একক হলে ΔACD এর ক্ষেত্রফল কত? (সহজ) [লক্ষ্মীপুর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়]

ক 2.5 খ 4 গ 4.5 ঘ 6 **গ**

ব্যাখ্যা: ABCD = ΔABC + ΔACD বা, 6 = 1.5 + ΔACD
∴ ΔACD = 4.5 বর্গ একক

www.bdniyog.com
www.pathagar.com

৩১. বহুভুজটির ক্ষেত্রফল কত বর্গ একক? (মধ্যম)

ক 15 খ 13 গ 11 ঘ 9 **গ**

ব্যাখ্যা: $\Delta ADE \quad -\frac{1}{2}\begin{vmatrix} 2 & -1 & -2 & 2 \\ -3 & 1 & -1 & -3 \end{vmatrix} = \frac{1}{2}(2+1+6-3+2+2)$

$= \frac{1}{2} \times 10 = 5$ বর্গ একক

$\therefore$ বহুভুজের ক্ষেত্রফল = 1.5 + 4.5 + 5 = 11 বর্গ একক।

নিচের তথ্যের আলোকে (৩২-৩৪) নং প্রশ্নের উত্তর দাও:



৩২. OA রেখা x-অক্ষের সাথে কত ডিগ্রি কোণ তৈরি করে? (মধ্যম)

ক 30 খ 45 গ 60 ঘ 90 **ক**

ব্যাখ্যা: OA রেখার ঢাল $\tan\theta_1 = \frac{\sqrt{3}-0}{3-0} = \frac{\sqrt{3}}{3} = \frac{\sqrt{3}}{\sqrt{3}.\sqrt{3}}$

$= \frac{1}{\sqrt{3}} = \tan 30° \therefore \theta_1 = 30°.$

৩৩. AB রেখা x অক্ষের সাথে কত ডিগ্রি কোণ তৈরি করে? (মধ্যম)

ক 30 খ 45 গ 60 ঘ 90 **গ**

ব্যাখ্যা: $\tan\theta_2 = \frac{\sqrt{3}-0}{3-2} = \frac{\sqrt{3}}{1} = \sqrt{3} = \tan 60°$

$\therefore \theta_2 = 60°.$

৩৪. $\angle OAB$ = কত ডিগ্রি? (কঠিন)

ক 30 খ 45 গ 60 ঘ 90 **ক**

ব্যাখ্যা: আমরা জানি, একটি ত্রিভুজের যেকোনো বহিঃস্থ কোণ তার অন্তঃস্থ বিপরীত কোণদ্বয়ের সমষ্টির সমান।

$\therefore \angle AOB + \angle OAB = \angle ABX$

বা, $\theta_1 + \angle OAB = \theta_2$ বা, $\angle OAB = \theta_2 - \theta_1$

বা, $\angle OAB = 60° - 30° = 30°$ $\therefore \angle OAB = 30°.$

শ্রেণির কাজের ওপর সৃজনশীল রচনামূলক প্রশ্ন

প্রশ্ন ▶১ একটি চতুর্ভুজের চারটি শীর্ষ বিন্দু যথাক্রমে $A(x_1, y_1)$, $B(x_2, y_2)$, $C(x_3, y_3)$ এবং $D(x_4, y_4)$। A, B, C ও D ঘড়ির কাঁটার বিপরীত দিক অনুসারে আছে। *◀ কাজ; পৃষ্ঠা-২৪২*

ক. XY তলে ABCD চতুর্ভুজের একটি আনুমানিক চিত্র অঙ্কন কর। ২

খ. চতুর্ভুজের ক্ষেত্রফল নির্ণয়ের সাধারণ সূত্রটি প্রতিপাদন কর। ৪

গ. চতুর্ভুজক্ষেত্রের ক্ষেত্রফল নির্ণয়ের পদ্ধতির সাহায্যে ষড়ভুজ ক্ষেত্রের ক্ষেত্রফল নির্ণয়ের সূত্র প্রতিপাদন কর। ৪

১ নং প্রশ্নের সমাধান

ক



XY তলে $A(x_1, y_1)$, $B(x_2, y_2)$, $C(x_3, y_3)$ ও $D(x_4, y_4)$ বিন্দু চারটি বসিয়ে ABCD চতুর্ভুজটির একটি আনুমানিক চিত্র অঙ্কন করা হলো এবং A ও C যোগ করা হলো।

খ AC কর্ণ ABCD চতুর্ভুজটিকে ABC ও ACD দুইটি ত্রিভুজে বিভক্ত করে।

$\therefore$ চতুর্ভুজক্ষেত্র ABCD এর ক্ষেত্রফল = ত্রিভুজক্ষেত্র ABC এর ক্ষেত্রফল + ত্রিভুজক্ষেত্র ACD এর ক্ষেত্রফল

$$= \frac{1}{2}\begin{vmatrix} x_1 & x_2 & x_3 & x_1 \\ y_1 & y_2 & y_3 & y_1 \end{vmatrix} + \frac{1}{2}\begin{vmatrix} x_1 & x_3 & x_4 & x_1 \\ y_1 & y_3 & y_4 & y_1 \end{vmatrix}$$

$$= \frac{1}{2}(x_1y_2 + x_2y_3 + x_3y_1 - x_2y_1 - x_3y_2 - x_1y_3)$$

$$+ \frac{1}{2}(x_1y_3 + x_3y_4 + x_4y_1 - x_3y_1 - x_4y_3 - x_1y_4)$$

$$= \frac{1}{2}(x_1y_2 + x_2y_3 + x_3y_4 + x_4y_1 - x_2y_1 - x_3y_2 - x_4y_3 - x_1y_4)$$

$$= \frac{1}{2}\begin{vmatrix} x_1 & x_2 & x_3 & x_4 & x_1 \\ y_1 & y_2 & y_3 & y_4 & y_1 \end{vmatrix}$$

সুতরাং চতুর্ভুজক্ষেত্র ABCD এর ক্ষেত্রফল $= \frac{1}{2}\begin{vmatrix} x_1 & x_2 & x_3 & x_4 & x_1 \\ y_1 & y_2 & y_3 & y_4 & y_1 \end{vmatrix}$

গ ষড়ভুজ ক্ষেত্রের ক্ষেত্রফল:



চিত্রে, ABCDEF একটি ষড়ভুজ। ষড়ভুজটির ছয়টি শীর্ষ যথাক্রমে $A(x_1, y_1)$, $B(x_2, y_2)$, $C(x_3, y_3)$, $D(x_4, y_4)$, $E(x_5, y_5)$ ও $F(x_6, y_6)$ এবং A, B, C, D, E ও F কে ঘড়ির কাঁটার বিপরীত দিক অনুসারে সাজানো হয়েছে।

এখন ষড়ভুজ ক্ষেত্র ABCDEF এর ক্ষেত্রফল = ত্রিভুজক্ষেত্র ABC এর ক্ষেত্রফল + ত্রিভুজক্ষেত্র ACD এর ক্ষেত্রফল + ত্রিভুজ ক্ষেত্র ADE এর ক্ষেত্রফল + ত্রিভুজক্ষেত্র AEF এর ক্ষেত্রফল

$$= \frac{1}{2}\begin{vmatrix} x_1 & x_2 & x_3 & x_1 \\ y_1 & y_2 & y_3 & y_1 \end{vmatrix} + \frac{1}{2}\begin{vmatrix} x_1 & x_3 & x_4 & x_1 \\ y_1 & y_3 & y_4 & y_1 \end{vmatrix}$$

$$+ \frac{1}{2}\begin{vmatrix} x_1 & x_4 & x_5 & x_1 \\ y_1 & y_4 & y_5 & y_1 \end{vmatrix} + \frac{1}{2}\begin{vmatrix} x_1 & x_5 & x_6 & x_1 \\ y_1 & y_5 & y_6 & y_1 \end{vmatrix}$$

$$= \frac{1}{2}(x_1y_2 + x_2y_3 + x_3y_1 - x_2y_1 - x_3y_2 - x_1y_3)$$

$$+ \frac{1}{2}(x_1y_3 + x_3y_4 + x_4y_1 - x_3y_1 - x_4y_3 - x_1y_4)$$

$$+ \frac{1}{2}(x_1y_4 + x_4y_5 + x_5y_1 - x_4y_1 - x_5y_4 - x_1y_5)$$

$$+ \frac{1}{2}(x_1y_5 + x_5y_6 + x_6y_1 - x_5y_1 - x_6y_5 - x_1y_6)$$

$$+ \frac{1}{2}(x_1y_2 + x_2y_3 + x_3y_4 - x_4y_5 - x_5y_6 - x_6y_1 - x_2y_1 - x_3y_2 - x_4y_3 - x_5y_4 - x_6y_5 - x_1y_6)$$

$$= \frac{1}{2}\begin{vmatrix} x_1 & x_2 & x_3 & x_4 & x_5 & x_6 & x_1 \\ y_1 & y_2 & y_3 & y_4 & y_5 & y_6 & y_1 \end{vmatrix}$$ **Ans.**

www.bdniyog.com

www.pathagar.com

মাস্টার ট্রেইনার প্রণীত আরও সৃজনশীল রচনামূলক প্রশ্ন

প্রশ্ন ▶২ A(1,3), B(5, 0) C(2, –4), D(–2, –1) একই সমতলে অবস্থিত চারটি বিন্দু।

ক. xy সমতলে বিন্দুগুলো স্থাপন করে ABCD চতুর্ভুজ গঠন কর। ২

খ. প্রমাণ কর যে, ABCD একটি বর্গক্ষেত্র। ৪

গ. ত্রিভুজের পরিসীমার সূত্র ব্যবহার করে ABCD এর ক্ষেত্রফল নির্ণয় কর। (তিন দশমিক স্থান পর্যন্ত) ৪

২ নং প্রশ্নের সমাধান

ক



xy সমতলে বিন্দুগুলো স্থাপন করে ABCD চতুর্ভুজ গঠন করা হলো।

খ ABCD চতুর্ভুজে A (1, 3), B (5. 0), C (2. –4), D (–2, –1)

এখানে,

$AB = \sqrt{(5-1)^2 + (0-3)^2} = \sqrt{4^2 + 3^2}$
$= \sqrt{16+9} = \sqrt{25} = 5$ একক

$BC = \sqrt{(2-5)^2 + (-4-0)^2} = \sqrt{(-3)^2 + (-4)^2}$
$= \sqrt{9+16} = \sqrt{25} = 5$ একক

$CD = \sqrt{(-2-2)^2 + (-1+4)^2} = \sqrt{(-4)^2 + 3^2}$
$= \sqrt{16+9} = \sqrt{25} = 5$ একক

$AD = \sqrt{(-2-1)^2 + (-1-3)^2} = \sqrt{(-3)^2 + (-4)^2}$
$= \sqrt{9+16} = \sqrt{25} = 5$ একক

$AC = \sqrt{(2-1)^2 + (-4-3)^2} = \sqrt{1^2 + (-7)^2}$
$= \sqrt{1+49} = \sqrt{50} = 5\sqrt{2}$ একক

এবং $BD = \sqrt{(5+2)^2 + (0+1)^2}$
$= \sqrt{49+1} = \sqrt{50} = 5\sqrt{2}$ একক

ABCD চতুর্ভুজে AB = BC = CD = AD এবং কর্ণ AC = কর্ণ BD

∴ ABCD একটি বর্গক্ষেত্র। **(দেখানো হলো)**

গ 'খ' হতে পাই, ΔABC-এ AB = 5 একক, BC = 5 একক, AC $= 5\sqrt{2} = 7.071$

$\therefore s = \frac{1}{2}(5 + 5 + 7.071) = 8.5355 = 8.536$

$\therefore$ ΔABC এর ক্ষেত্রফল $= \sqrt{s(s-a)(s-b)(s-c)}$
$= \sqrt{8.536\,(8.536 - 7.071)\,(8.536 - 5) - (8.5365 - 5)}$
$= \sqrt{8.536 \times 1.465 \times 3.536 \times 3.536}$
$= 12.50423$
$= 12.504$ বর্গ একক (তিন দশমিক স্থান পর্যন্ত)

∴ চতুর্ভুজক্ষেত্র ABCD -এর ক্ষেত্রফল = 2 × ΔABC-এর ক্ষেত্রফল
$= 2 \times 12.504 = 25.008$ বর্গ একক

[∵ AC কর্ণ চতুর্ভুজটিকে সমান দুইভাগে বিভক্ত করে]

প্রশ্ন ▶৩ এক ব্যক্তির চতুর্ভুজাকৃতির বিশাল এক জমি রয়েছে। তিনি সিদ্ধান্ত নিলেন যে, জমিটিকে কাটাতারের বেড়া দিয়ে আবদ্ধ করবেন এবং একটি কর্ণ বরাবর দুই ভাগ করে দুই পাশে একই সাথে ধান ও গম চাষ করবেন। জমি মাপযোগ করার জন্য তিনি একজন গণিতবিদ নিয়োগ করলেন যিনি সমগ্র জমিটিকে একটি গ্রাফ পেপারে স্থাপন করে চারটি শীর্ষবিন্দু A(–1, 0), B(2, –2), C(3, 2) এবং D(1, 5) পেলেন। গণিতিবিদ সব দৈর্ঘ্য মিটারে মেপেছিল।

ক. কোন কর্ণ বরাবর বেড়া দিলে খরচ সর্বনিম্ন হবে? ২

খ. কাজটি করার জন্য সর্বনিম্ন খরচ কত মিটার দৈর্ঘ্যের বেড়া দিতে হবে? ৪

গ. ধান ও গম চাষের জন্য দ্বিখন্ডিত জমিটির ক্ষেত্রফল কত হবে? সমগ্র জমিটির ক্ষেত্রফল নির্ণয় কর। ৪

৩ নং প্রশ্নের সমাধান

ক AC বরাবর বেড়ার দৈর্ঘ্য $= \sqrt{(-1-3)^2 + (0-2)^2}$
$= \sqrt{(-4)^2 + (-2)^2}$
$= \sqrt{16+4}$
$= \sqrt{20}$
$= 4.47$ মিটার

BD বরাবর বেড়ার দৈর্ঘ্য $= \sqrt{(2-1)^2 + (-2-5)^2}$
$= \sqrt{(1)^2 + (-7)^2}$
$= \sqrt{1+49}$
$= \sqrt{50} = 7.07 =$ মিটার

∴ AC বরাবর বেড়া দিলে খরচ সর্বনিম্ন হবে।

খ AB বরাবর বেড়ার দৈর্ঘ্য $= \sqrt{(-1-2)^2 + (0+2)^2}$
$= \sqrt{(-3)^2 + (2)^2}$
$= \sqrt{9+4}$
$= \sqrt{13} = 3.61$ মিটার

BC বরাবর বেড়ার দৈর্ঘ্য $= \sqrt{(2-3)^2 + (-2-2)^2}$
$= \sqrt{(-1)^2 + (-4)^2}$
$= \sqrt{1+16} = \sqrt{17} = 4.12$ মিটার

CD বরাবর বেড়ার দৈর্ঘ্য $= \sqrt{(3-1)^2 + (2-5)^2}$
$= \sqrt{(2)^2 + (-3)^2}$
$= \sqrt{4+9} = \sqrt{13} = 3.61$ মিটার

AD বরাবর বেড়ার দৈর্ঘ্য $= \sqrt{(-1-1)^2 + (0-5)^2}$
$= \sqrt{(-2)^2 + (-5)^2}$
$= \sqrt{4+25} = \sqrt{29} = 5.38$ মিটার

মোট বেড়া বানাতে হবে = চার বাহুর দৈর্ঘ্য + AC কর্ণ
$= (3.61 + 4.12 + 3.61 + 5.38 + 4.47)$ মিটার
$= 21.19$ মিটার

গ ধান চাষের জন্য জমির ক্ষেত্রফল = ΔACB এর ক্ষেত্রফল

$= \frac{1}{2}\begin{vmatrix} -1 & 3 & 2 & -1 \\ 0 & 2 & -2 & 0 \end{vmatrix}$

$= \left|\frac{1}{2}\{((-1)\times 2 + 3\times(-2) + 2\times 0) - (0\times 3 + 2\times 2 + (-2)\times(-1))\}\right|$

$= \left|\frac{1}{2}\{(-2-6+0) - (0+4+2)\}\right|$

$= \left|\frac{1}{2}(-8-6)\right|$

$= \left|-\frac{14}{2}\right| = 7$ বর্গমিটার

www.bdniyog.com
www.pathagar.com

গম চাষের জন্য জমির ক্ষেত্রফল = ΔACD এর ক্ষেত্রফল

$$= \frac{1}{2}\begin{vmatrix} -1 & 3 & 1 & -1 \\ 0 & 2 & 5 & 0 \end{vmatrix}$$

$$= \left|\frac{1}{2}\{((-1)\times 2+3\times 5+1\times 0)-(0\times 3+2\times 1+5\times(-1))\}\right|$$

$$= \left|\frac{1}{2}\{(-2+15+0)-(0+2-5)\}\right|$$

$$= \left|\frac{1}{2}(13+3)\right|$$

$$= \left|-\frac{16}{2}\right| = 8 \text{ বর্গমিটার}$$

সমগ্র জমির ক্ষেত্রফল = (7 + 8) বর্গমিটার

= 15 বর্গমিটার

প্রশ্ন ▶ ৪ নিচের চিত্রটি লক্ষ কর:



ক. AFDC ট্রাপিজিয়ামের ক্ষেত্রফল নির্ণয় কর। ২

খ. শীর্ষ বিন্দুগুলোর স্থানাঙ্কের সাহায্যে ΔABC এর ক্ষেত্রফল নির্ণয় কর। ৪

গ. দুটি ট্রাপিজিয়ামের সাহায্যে ABCDEF অংশের ক্ষেত্রফল নির্ণয় করে এর সাহায্যে ΔABC এর ক্ষেত্রফল নির্ণয় কর এবং শুদ্ধতা যাচাই কর। ৪

৪ নং প্রশ্নের সমাধান

ক AF রেখার দৈর্ঘ্য = 4

CD রেখার দৈর্ঘ্য = 1

DF রেখার দৈর্ঘ্য = 1 + 8 = 9

AFDC ট্রাপিজিয়ামের ক্ষেত্রফল $= \frac{1}{2}\times(4+1)\times 9 = \frac{45}{2}$ বর্গ একক

খ ΔABC এর ক্ষেত্রফল $= \frac{1}{2}\begin{vmatrix} 8 & 4 & -1 & 8 \\ 4 & 8 & 1 & 4 \end{vmatrix}$

$= \frac{1}{2}(64+4-4-16+8-8)$

$= \frac{1}{2}\times 48$

= 24 বর্গ একক।

গ CD রেখার দৈর্ঘ্য = 1

BE রেখার দৈর্ঘ্য = 8

DE রেখার দৈর্ঘ্য = 1 + 4 = 5

BEDC ট্রাপিজিয়ামের ক্ষেত্রফল $= \frac{1}{2}\times(1+8)\times 5 = \frac{45}{2}$ বর্গ একক

আবার, BE রেখার দৈর্ঘ্য = 8

AF রেখার দৈর্ঘ্য = 4

EF রেখার দৈর্ঘ্য = 8 − 4 = 4

ABEF ট্রাপিজিয়ামের ক্ষেত্রফল $= \frac{1}{2}\times(8+4)\times 4 = 24$ বর্গ একক

ΔABC এর ক্ষেত্রফল = ABCDEF অংশের ক্ষেত্রফল− AFDC ট্রাপিজিয়ামের ক্ষেত্রফল

= BEDC ট্রাপিজিয়ামের ক্ষেত্রফল + ABEF ট্রাপিজিয়ামের ক্ষেত্রফল − AFDC ট্রাপিজিয়ামের ক্ষেত্রফল

$= \frac{45}{2} + 24 - \frac{45}{2} = 24$ বর্গ একক।

প্রশ্ন ▶ ৫ A (–2,1), B (10, 6), C (a, –6) একটি ত্রিভুজের তিনটি শীর্ষবিন্দু।

ক. AB বাহুর দৈর্ঘ্য নির্ণয় কর। BC বাহুর দৈর্ঘ্যকে a এর মাধ্যমে প্রকাশ কর। ২

খ. AB = BC হলে, a এর সম্ভাব্য মান সমূহ নির্ণয় কর। a এর বৃহত্তম মান ব্যবহার করে সাধারণ সূত্র ব্যবহার করে ΔABC এর ক্ষেত্রফল বের কর। ৪

গ. a এর ক্ষুদ্রতম মানের জন্য ΔABC এর বৈশিষ্ট্য লিখ। পরিসীমার সাহায্যে ক্ষেত্রফল নির্ণয় কর। ৪

৫ নং প্রশ্নের সমাধান

ক এখানে, A (–2,1), B (10, 6), C (a, –6)

$AB = \sqrt{\{10-(-2)\}^2+(6-1)^2}$

$= \sqrt{12^2+5^2} = \sqrt{169} = 13$ একক

$BC = \sqrt{(a-10)^2+(-6-6)^2} = \sqrt{a^2-20a+100+144}$

$= \sqrt{a^2-20a+244}$ একক

খ দেওয়া আছে,

AB = BC

$\therefore 13 = \sqrt{a^2-20a+244}$; ['ক' হতে]

বা, $169 = a^2-20a+244$

বা, $a^2-20a+75=0$

বা, $a^2-5a-15a+75=0$

বা, $a(a-5)-15(a-5)=0$

বা, $(a-5)(a-15)=0$

$\therefore a = 5$ বা, 15

a এর বৃহত্তম মান = 15

ΔABC এর ক্ষেত্রফল $= \frac{1}{2}\begin{vmatrix} -2 & 15 & 10 & -2 \\ 1 & -6 & 6 & 1 \end{vmatrix}$

$= \frac{1}{2}(12+90-10-15+60+2)$

$= \frac{1}{2}\times(169)$

$= \frac{169}{2}$ বর্গ একক

গ a এর ক্ষুদ্রতম মান = 5

$\therefore$ A (–2, 1), B (10, 6), C (5, –6)

AB = 13 একক ; ['ক' হতে]

$BC = \sqrt{(10-5)^2+(6+6)^2} = \sqrt{25+144} = 13$ একক

এখানে, AB = BC $\therefore$ ΔABC সমদ্বিবাহু ত্রিভুজ

$s = \frac{a+b+c}{2} = \frac{13+7\sqrt{2}+13}{2} = \frac{26+7\sqrt{2}}{2} = 17.95$

$\therefore \Delta ABC$ এর ক্ষেত্রফল $= \sqrt{s(s-a)(s-b)(s-c)}$

$= \sqrt{17.95\times(17.95-13)\times(17.95-7\sqrt{2})\times(17.95-13)}$

$= \sqrt{17.95\times 4.95\times 8.05\times 4.95}$

= 59.503 বর্গ একক

www.bdniyog.com

www.pathagar.com

প্রশ্ন ▶ ৬ সমতলে তিনটি বিন্দু যথাক্রমে A (a, a + 1), B (– 6, –3) এবং C(5, –1)

ক. AB ও AC এর দৈর্ঘ্য a এর মাধ্যমে প্রকাশ কর। ২

খ. AB = 2AC হলে a এর সম্ভাব্য মান নির্ণয় কর। a এর ক্ষুদ্রতম মানের জন্য ΔABC এর ক্ষেত্রফল সাধারণ সূত্রের মাধ্যমে বের কর। ৪

গ. A, B, C বিন্দু তিনটি অপর একটি বিন্দু D (–1, –6)-এর সাথে যে চতুর্ভুজ গঠন করে xy সমতলে তার চিত্র আঁক। চতুর্ভুজটি ক্ষেত্রফল নির্ণয় করে। [a এর ক্ষুদ্রতম মান ব্যবহার করে] ৪

৬ নং প্রশ্নের সমাধান

ক এখানে, A (a, a + 1), B (–6, –3), C (5, –1)

$\therefore AB = \sqrt{(-6-a)^2 + (-3-a-1)^2} = \sqrt{(a+6)^2 + (a+4)^2}$

$= \sqrt{a^2 + 12a + 36 + a^2 + 8a + 16} = \sqrt{2a^2 + 20a + 52}$ একক

$AC = \sqrt{(a-5)^2 + (a+1+1)^2} = \sqrt{(a-5)^2 + (a+2)^2}$

$= \sqrt{a^2 - 10a + 25 + a^2 + 4a + 4} = \sqrt{2a^2 - 6a + 29}$ একক

খ দেওয়া আছে,

AB = 2AC

বা, $\sqrt{2a^2 + 20a + 52} = 2\sqrt{2a^2 - 6a + 29}$

বা, $2a^2 + 20a + 52 = 4(2a^2 - 6a + 29)$

বা, $2a^2 + 20a + 52 = 8a^2 - 24a + 116$

বা, $6a^2 - 44a + 64 = 0$

বা, $3a^2 - 22a + 32 = 0$

বা, $3a^2 - 6a - 16a + 32 = 0$

বা, $3a(a-2) - 16(a-2) = 0$

বা, $(a-2)(3a-16) = 0$

$\therefore a = 2$, অথবা, $a = \frac{16}{3}$

a এর ক্ষুদ্রতম মান = 2

$\therefore \Delta ABC$-এ A (2, 3), B (–6, –3), C(5, –1)

$\therefore \Delta ABC$ এর ক্ষেত্রফল $= \frac{1}{2}\begin{vmatrix} 2 & -6 & 5 & 2 \\ 3 & -3 & -1 & 3 \end{vmatrix}$

$= \frac{1}{2}\{-6 + 6 + 15 - (-18) - (-15) - (-2)\}$

$= \frac{1}{2}(15 + 18 + 15 + 2)$

$= \frac{50}{2} = 25$ বর্গ একক।

গ



xy সমতলে চতুর্ভুজটি গঠন করা হলো।

চিত্রানুসারে গঠিত চতুর্ভুজ DCAB

যেখানে D(–1, –6), C (5, –1), A (2, 3), B (–6, –3)

চতুর্ভুজের ক্ষেত্রফল $= \frac{1}{2}\begin{vmatrix} -1 & 5 & 2 & -6 & -1 \\ -6 & -1 & 3 & -3 & -6 \end{vmatrix}$

$= \frac{1}{2}\{1 + 15 + (-6) + 36 - (-30) - (-2) - (-18) - 3)\}$

$= \frac{1}{2}(1 + 15 - 6 + 36 + 30 + 2 + 18 - 3)$

$= \frac{93}{2} = 46.5$ বর্গ একক (Ans.)

প্রশ্ন ▶ ৭



ক. চিত্র থেকে ΔABC এর ক্ষেত্রফল ট্রাপিজিয়াম গুলোর ক্ষেত্রফলের সাহায্যে প্রকাশ কর। ২

খ. চিত্র C হতে ত্রিভুজের ক্ষেত্রফল নির্ণয়ের নির্ণায়কের সূত্রটি প্রতিপাদন কর। ৪

গ. যদি A (S, 2), B (1, 6) এবং C (–2, –3) যথাক্রমে ΔABC-এর শীর্ষবিন্দু হয় তাহলে ΔABC এর ক্ষেত্রফল নির্ণায়ক পদ্ধতির সাহায্যে নির্ণয় কর। ৪

৭ নং প্রশ্নের সমাধান

ক ধরি, $A(x_1, y_1)$, B (x_2, y_2) এবং $C(x_3, y_3)$ ত্রিভুজ ABC -এর তিনটি শীর্ষবিন্দু। চিত্র হতে আমরা পাই, বহুভুজ ABCDEF -এর ক্ষেত্রফল = ত্রিভুজক্ষেত্র ABC-এর ক্ষেত্রফল + ট্রাপিজিয়াম ক্ষেত্র ACDF-এর ক্ষেত্রফল

= ট্রাপিজিয়াম ক্ষেত্র ABEF -এর ক্ষেত্রফল + ট্রাপিজিয়ামক্ষেত্র BCDE-এর ক্ষেত্রফল।

সুতরাং আমরা পাই,

ত্রিভুজক্ষেত্র ABC-এর ক্ষেত্রফল = ট্রাপিজিয়ামক্ষেত্র ABEF-এর ক্ষেত্রফল + ট্রাপিজিয়ামক্ষেত্র BCDE এর ক্ষেত্রফল – ট্রাপিয়াজমক্ষেত্র ACDF-এর ক্ষেত্রফল। **(দেখানো হলো)**

খ 'ক' হতে পাই,

ত্রিভুজক্ষেত্র ABC এর ক্ষেত্রফল = ট্রাপিজিয়াম ক্ষেত্র ABEF-এর ক্ষেত্রফল + ট্রাপিজিয়াম ক্ষেত্র BCDE এর ক্ষেত্রফল – ট্রাপিজিয়ামক্ষেত্র ACDF -এর ক্ষেত্রফল

$\therefore$ ত্রিভুজক্ষেত্র ABC-এর ক্ষেত্রফল $= \frac{1}{2}(BE + AF) \times EF + \frac{1}{2} \times (CD + BE) \times DE - \frac{1}{2} \times (CD + AF) \times DF$

$= \frac{1}{2}(y_2 + y_1)(x_1 - x_2) + \frac{1}{2}(y_3 + y_2)(x_2 - x_3) - \frac{1}{2}(y_3 + y_1)(x_1 - x_3)$

$= \frac{1}{2}(x_1y_2 + x_1y_1 - x_2y_2 - x_2y_1 + x_2y_3 + x_2y_2 - x_3y_3 - x_3y_2 - x_1y_3 - x_1y_1 + x_3y_3 + x_3y_1)$

$= \frac{1}{2}(x_1y_2 + x_2y_3 + x_3y_1 - x_2y_1 - x_3y_2 - x_1y_3)$

$= \frac{1}{2}\begin{vmatrix} x_1 & x_2 & x_3 & x_1 \\ y_1 & y_2 & y_3 & y_1 \end{vmatrix}$

$\therefore \Delta ABC$ -এর ক্ষেত্রফল $= \frac{1}{2}\begin{vmatrix} x_1 & x_2 & x_3 & x_1 \\ y_1 & y_2 & y_3 & y_1 \end{vmatrix}$

www.bdniyog.com

www.pathagar.com

গ ΔABC -এর শীর্ষ বিন্দুগুলো যথাক্রমে, A(5, 2), B(1, 6), C(–2, –3),

$\therefore$ Δ ABC -এর ক্ষেত্রফল $= \frac{1}{2}\begin{vmatrix} 5 & 1 & -2 & 5 \\ 2 & 6 & -3 & 2 \end{vmatrix}$

$= \frac{1}{2}\{30 + (-3) + (-4) - 2 - (-12) - (-15)\}$

$= \frac{1}{2}(30 - 3 - 4 - 2 + 12 + 15) = \frac{1}{2}(48) = 24$

$\therefore$ ΔABC -এর ক্ষেত্রফল = 24 বর্গ একক

প্রশ্ন ▶ ৮ একটি চতুর্ভুজের শীর্ষবিন্দুগুলোর স্থানাঙ্ক যথাক্রমে A(4, –6), B(6, –2), C(4, 0) এবং D(–2, 2)।

ক. A, B, C, D বিন্দুগুলোকে একটি ছক কাগজে স্থাপন কর। ২

খ. ABCD চতুর্ভুজের ক্ষেত্রফল নির্ণয় কর। ৪

গ. ABCD চতুর্ভুজের বাইরে একটি বিন্দু (x, – 2) হলে x-এর মান কত? [ABCDE পঞ্চভুজের ক্ষেত্রফল 28 বর্গ একক] ৪

৮ নং প্রশ্নের সমাধান

ক বিন্দুগুলোকে ছক কাগজে দেখানো হলো:



খ বিন্দুগুলোকে ঘড়ির কাটার বিপরীত দিকে বিবেচনা করে,

ABCD চতুর্ভুজের ক্ষেত্রফল $= \frac{1}{2}\begin{vmatrix} 4 & 6 & 4 & -2 & 4 \\ -6 & -2 & 0 & 2 & -6 \end{vmatrix}$

$= \left|\frac{1}{2}\{(-8 + 0 + 8 + 12) - (-36 - 8 + 0 + 8)\}\right|$

$= \left|\frac{1}{2}(12 + 36)\right|$

$= \frac{48}{2} = 24$ বর্গ একক

গ পঞ্চভুজের ক্ষেত্রফল = 28 বর্গ একক

সুতরাং, ΔADE এর ক্ষেত্রফল = (28 – 24) বর্গ একক = 4 বর্গ একক

বিন্দুগুলোকে ঘড়ির কাটার বিপরীত দিকে বিবেচনা করে,

ΔADE এর ক্ষেত্রফল $= \frac{1}{2}\begin{vmatrix} 4 & -2 & x & 4 \\ -6 & 2 & -2 & -6 \end{vmatrix}$

$= \left|\frac{1}{2}\{(8 + 4 - 6x) - (12 + 2x - 8)\}\right|$

$= \left|\frac{1}{2}(12 - 6x - 4 - 2x)\right| = \left|\frac{1}{2}(8 - 8x)\right| = |4 - 4x|$

শর্তমতে, 4 – 4x = 4

বা, 4x = 0

$\therefore$ x = 0

প্রশ্ন ▶ ৯ A (–2, 0), B (5, 1) ও C (1, 4) যথাক্রমে ΔABC-এর শীর্ষবিন্দু।

ক. xy সমতলে বিন্দুগুলো স্থাপন করে ΔABC অঙ্কন কর। ২

খ. AB, BC এবং CA বাহুর দৈর্ঘ্য নির্ণয় কর। ত্রিভুজটির বৈশিষ্ট্য নির্ণয় কর। ৪

গ. ত্রিভুজটির পরিসীমা ও ক্ষেত্রফল নির্ণয় কর। ৪

৯ নং প্রশ্নের সমাধান

ক xy সমতলে A(–2, 0), B(5, 1) ও C(1, 4) বিন্দুগুলো স্থাপন করে ΔABC গঠন করা হলো।



খ A (–2, 0) ও B (5, 1) বিন্দুদ্বয়ের মধ্যবর্তী দূরত্ব,

$AB = \sqrt{(5 + 2)^2 + (1 - 0)^2} = \sqrt{49 + 1} = \sqrt{50} = 5\sqrt{2}$ একক

B(5,1) ও C(1, 4) বিন্দুদ্বয়ের মধ্যবর্তী

দূরত্ব $BC = \sqrt{(1 - 5)^2 + (4 - 1)^2} = \sqrt{16 + 9} = \sqrt{25} = 5$ একক

আবার C (1, 4) ও A (–2, 0) বিন্দুদ্বয়ের মধ্যবর্তী দূরত্ব

$CA = \sqrt{(-2 - 1)^2 + (0 - 4)^2} = \sqrt{9 + 16} = \sqrt{25} = 5$ একক

সুতরাং আমরা পাই, BC = CA ≠ AB

আবার, $BC^2 + CA^2 = 5^2 + 5^2 = 50 = AB^2$

অতএব ABC সমকোণী সমদ্বিবাহু ত্রিভুজ।

গ ত্রিভুজের পরিসীমা, 2s = (AB + BC + CA)

$= 5\sqrt{2} + 5 + 5$

$= 5\sqrt{2} + 10 = 17.07$ বর্গ একক

$\therefore$ ত্রিভুজের পরিসীমা = 17.07 একক

$\therefore$ $s = \frac{17.07}{2} = 8.54$

ধরি, AB = a, BC = b এবং CA = c

$\therefore$ ত্রিভুজের ক্ষেত্রফল $= \sqrt{s(s-a)(s-b)(s-c)}$

$= \sqrt{8.54(8.54 - 5\sqrt{2})(8.54 - 5)(8.54 - 5)}$

$= \sqrt{8.54 \times 1.47 \times 3.54 \times 3.54}$

$= \sqrt{157.319} = 12.543$ বর্গ একক

$\therefore$ ΔABC-এর ক্ষেত্রফল = 12.543 বর্গ একক।

প্রশ্ন ▶ ১০ ABCD চতুর্ভুজের শীর্ষবিন্দু চারটি যথাক্রমে A (0, –1), B (–2, 3), C(6, 7) এবং D (8, a)

ক. নির্ণায়ক পদ্ধতির সাহায্যে ΔABC এর ক্ষেত্রফল নির্ণয় কর। ২

খ. ABCD চতুর্ভুজের ক্ষেত্রফল 40 বর্গ একক হলে a এর মান কত? (a পূর্ণ সংখ্যা) ৪

গ. ABCD চতুর্ভুজটি কোন ধরনের? এর সপক্ষে যুক্তি দেখাও। ৪

১০ নং প্রশ্নের সমাধান

ক ΔABC-এ A(0, –1), B(–2, 3), C(6, 7)

$\therefore$ ক্ষেত্রফল $= \frac{1}{2}\begin{vmatrix} 0 & -2 & 6 & 0 \\ -1 & 3 & 7 & -1 \end{vmatrix}$

$= \frac{1}{2}\{0 + (-14) + (-6) - 2 - 18 - 0\}$

$= \frac{1}{2}(-20 - 20)$

$= -20$

= 20 বর্গ একক (ঋণাত্মক চিহ্ন বর্জন করে)

www.bdniyog.com

www.pathagar.com

খ দেওয়া আছে, ABCD চতুর্ভুজের ক্ষেত্রফল = 40 বর্গ একক

$\therefore \frac{1}{2}\begin{vmatrix} 0 & -2 & 6 & 8 & 0 \\ -1 & 3 & 7 & a & -1 \end{vmatrix} = \pm 40$

বা, $0 - 14 + 6a - 8 - 2 - 18 - 56 - 0 = \pm 80$

বা, $6a - 98 = \pm 80$

বা, $6a = \pm 80 + 98 = 18$ বা, 178

$\therefore a = 3$ বা, $\frac{89}{3}$

$\therefore a = 3$; [$\because$ a পূর্ণ সংখ্যা]

গ ABCD চতুর্ভুজে A (0, –1), B (–2, 3), C (6, 7), D (8, 3)

$AB = \sqrt{(-2-0)^2 + (3+1)^2} = \sqrt{4+16} = 2\sqrt{5}$ একক

$BC = \sqrt{(6+2)^2 + (7-3)^2} = \sqrt{64+16} = 4\sqrt{5}$ একক

$CD = \sqrt{(8-6)^2 + (3-7)^2} = \sqrt{4+16} = 2\sqrt{5}$ একক

$AD = \sqrt{(8-0)^2 + (3+1)^2} = \sqrt{64+16} = 4\sqrt{5}$ একক

এবং $AC = \sqrt{(6-0)^2 + (7+1)^2} = \sqrt{36+64} = 10$ একক

এখন, $AB^2 + BC^2 = (2\sqrt{5})^2 + (4\sqrt{5})^2$

$= 20 + 80$

$= 100$

$= (10)^2$

$\therefore AB^2 + BC^2 = AC^2$

পিথাগোরাসের বিপরীত প্রতিজ্ঞা অনুসারে $\angle B = 90°$

ABCD চতুর্ভুজে AB = CD, BC = AD এবং $\angle B = 90°$

$\therefore$ ABCD একটি আয়তক্ষেত্র।

প্রশ্ন ▶ ১১ একটি চতুর্ভুজের চারটি শীর্ষ A(3, 4), B(–4, 2), C(6, –1), D(p, 3)

ক. নির্ণায়ক ব্যবহার করে ABCD চতুর্ভুজের ক্ষেত্রফল p এর মাধ্যমে প্রকাশ কর। ২

খ. পরিসীমার সূত্র ব্যবহার করে ΔABC এর ক্ষেত্রফল নির্ণয় কর। ৪

গ. ABCD চতুর্ভুজের ক্ষেত্রফল ΔABC এর ক্ষেত্রফলের দ্বিগুণ হলে p এর মান নির্ণয় কর। ৪

১১ নং প্রশ্নের সমাধান

ক ABCD চতুর্ভুজের ক্ষেত্রফল $= \frac{1}{2}\begin{vmatrix} 3 & -4 & 6 & p & 3 \\ 4 & 2 & -1 & 3 & 4 \end{vmatrix}$

$= \frac{1}{2}\{6 + -4 + 18 + 4p - (-16) - 12 - (-p) - 9\}$

$= \frac{1}{2}(23 + 5p)$ বর্গ একক

খ ΔABC -এ A (3, 4), B (–4, 2), C (6, –1)

$AB = \sqrt{(-4-3)^2 + (2-4)^2} = \sqrt{(-7)^2 + (-2)^2}$

$= \sqrt{49+4} = \sqrt{53}$ একক

$BC = \sqrt{\{6-(-4)\} + (-1-2)^2}$

$= \sqrt{10^2 + (-3)^2} = \sqrt{100+9} = \sqrt{109}$ একক

$AC = \sqrt{(6-3)^2 + (-1-4)^2} = \sqrt{3^2 + (-5)^2}$

$= \sqrt{9+25} = \sqrt{34}$ একক

$\therefore s = \frac{\sqrt{53} + \sqrt{109} + \sqrt{34}}{2}$

$= \frac{23.551}{2}$

$= 11.776$ একক

$\therefore$ ক্ষেত্রফল $= \sqrt{s(s-a)(s-b)(s-c)}$

$= \sqrt{11.776(11.776-\sqrt{109})(11.776-\sqrt{34})(11.776-\sqrt{53})}$

$= \sqrt{11.776 \times 1.336 \times 5.945 \times 4.496}$

$= \sqrt{420.51589}$

$= 20.506$ বর্গ একক

$\therefore \Delta ABC$ এর ক্ষেত্রফল = 20.5 বর্গ একক

গ 'ক' হতে পাই,

ABCD চতুর্ভুজের ক্ষেত্রফল $= \frac{1}{2}(23 + 5p)$ বর্গ একক

প্রশ্নমতে, $\frac{1}{2}(23 + 5p) = 2 \times 20.5$

বা, $23 + 5p = 82$

বা, $5p = 82 - 23$

বা, $p = \frac{59}{5}$

$\therefore p = 11.8$ (Ans.)

প্রশ্ন ▶ ১২ একটি পঞ্চভুজের শীর্ষ পাঁচটি যথাক্রমে (1, 4), (–3, 3), (1, –2), (4, 0) এবং (7, 2)।

ক. একটি গ্রাফ পেপারে পঞ্চভুজটি অঙ্কন কর। ২

খ. বিন্দুগুলো ঘড়ির কাটার বিপরীত দিকে বিবেচনা করে ক্ষেত্রফল নির্ণয় কর। ৪

গ. n-ভুজ বিশিষ্ট একটি বহুভুজের ক্ষেত্রফল নির্ণয় কর। [ধরে নাও, শীর্ষবিন্দুগুলো যথাক্রমে $(x_1, y_1), (x_2, y_2), (x_3, y_3), \ldots\ldots, (x_n, y_n)$]. ৪

১২ নং প্রশ্নের সমাধান

ক বিন্দুগুলোকে ছক কাগজে দেখানো হলো:



খ পঞ্চভূজটির শীর্ষবিন্দুগুলো হলো (1, 4), (–3, 3), (1, –2), (4; 0) এবং (7. 2)।

বিন্দুগুলোকে ঘড়ির কাটার বিপরীত দিকে বিবেচনা করে,

পঞ্চভুজটির ক্ষেত্রফল $= \frac{1}{2}\begin{vmatrix} 1 & -3 & 1 & 4 & 7 & 1 \\ 4 & 3 & -2 & 0 & 2 & 4 \end{vmatrix}$

$= \left|\frac{1}{2}\{(3 + 6 + 0 + 8 + 28) - (-12 + 3 - 8 + 0 + 2)\}\right|$

$= \left|\frac{1}{2}(45 + 15)\right|$

$= \frac{60}{2}$

$= 30$ বর্গ একক (Ans.)

গ মনে করি, শীর্ষবিন্দুগুলো ঘড়ির কাটার বিপরীত দিকে আবর্তিত।

শীর্ষ বিন্দুগুলো হল– $(x_1, y_1), (x_2, y_2), (x_3, y_3), \ldots\ldots, (x_n, y_n)$

বহুভুজটির ক্ষেত্রফল $= \frac{1}{2}\begin{vmatrix} x_1 & x_2 & x_3 & \ldots\ldots & x_n & x_1 \\ y_1 & y_2 & y_3 & \ldots\ldots & y_n & y_1 \end{vmatrix}$

$= \frac{1}{2}[(x_1y_2 + x_2y_3 + \ldots\ldots x_ny_1) - (x_2y_1 + x_3y_2 + \ldots\ldots x_1y_n)]$

$= \frac{1}{2}\{(x_1y_2 - x_2y_1) + (x_2y_3 - x_3y_2) + \ldots + (x_ny_1 - x_3y_n)\}$ (Ans.)

www.bdniyog.com

www.pathagar.com

প্রশ্ন ব্যাংক উত্তরসহ সৃজনশীল রচনামূলক প্রশ্ন

প্রশ্ন ▶ ১৩



ক. উপরের চিত্র হতে ত্রিভুজক্ষেত্র ABC-এবং ত্রিভুজক্ষেত্র ACD এর ক্ষেত্রফল নির্ণয়ের নির্ণায়কের সূত্র দুটি লিখ। ২

খ. প্রমাণ কর যে, চতুর্ভুজ ক্ষেত্র ABCD-এর ক্ষেত্রফল $= \frac{1}{2}\begin{vmatrix} x_1 & x_2 & x_3 & x_4 & x_1 \\ y_1 & y_2 & y_3 & y_4 & y_1 \end{vmatrix}$ ৪

গ. যদি A (1, 4), B (–4, 3), C (1, –2) এবং D (4, 0) একটি চতুর্ভুজের চারটি শীর্ষ বিন্দু হয় তবে খ-এর সূত্র ব্যবহার করে ABCD চতুর্ভুজের ক্ষেত্রফল নির্ণয় কর। ৪

উত্তর: ক. $\frac{1}{2}\begin{vmatrix} x_1 & x_2 & x_3 & x_1 \\ y_1 & y_2 & y_3 & y_1 \end{vmatrix}$ এবং $\frac{1}{2}\begin{vmatrix} x_1 & x_3 & x_4 & x_1 \\ y_1 & y_3 & y_4 & y_1 \end{vmatrix}$; গ. 24 বর্গ একক

প্রশ্ন ▶ ১৪ **(2, 1), (6, 3), (2, – 3), (6, – 3) যথাক্রমে, A, B, C ও D বিন্দুগুলোর স্থানাঙ্ক এবং বিন্দুগুলো একই সমতলে অবস্থিত।**

ক. বিন্দুগুলো x, y সমতলে স্থাপন কর। ২

খ. প্রমাণ কর যে, ABCD একটি বর্গক্ষেত্র। ৪

গ. ত্রিভুজের পরিসীমার সূত্র ব্যবহার করে ABCD-এর ক্ষেত্রফল নির্ণয় কর। ৪

উত্তর: গ. 16 বর্গ একক।

প্রশ্ন ▶ ১৫ **তিনটি বিন্দুর স্থানাঙ্ক যথাক্রমে A(– 2, 1), B (10, a) এবং C(5, – 6)।**

ক. AB ও BC বাহুর দৈর্ঘ্য a এর মাধ্যমে নির্ণয় কর। ২

খ. AB = BC হলে a এর মান নির্ণয় কর। দেখাও যে, A, B, C বিন্দু তিনটি দিয়ে ত্রিভুজ গঠিত হয় উক্ত ত্রিভুজটির ক্ষেত্রফল নির্ণায়ক পদ্ধতিতে নির্ণয় কর। ৪

গ. ΔABC-এর ক্ষেত্রফল পরিসীমার সাহায্যে নির্ণয় কর। ৪

উত্তর: ক. $\Delta AB = \sqrt{144 + (a-1)^2}$ এবং $BC = \sqrt{25 + (6+a)^2}$

খ. a = 6, ক্ষেত্রফল $= \frac{119}{2}$; গ. ক্ষেত্রফল $= \frac{119}{2}$

প্রশ্ন ▶ ১৬ **সেওয়া আছে, $3x + 2y = 6$.** [যশোর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়]

ক. প্রদত্ত রেখাটি অক্ষদ্বয়কে যে যে বিন্দুতে ছেদ করে তা নির্ণয় কর। ২

খ. অক্ষদ্বয়ের খন্ডিত অংশের পরিমাণ নির্ণয় কর এবং রেখাটি অক্ষদ্বয়ের সাথে যে ত্রিভুজ উৎপন্ন করে তার ক্ষেত্রফল নির্ণয় কর। ৪

গ. খ-তে যে ত্রিভুজ উৎপন্ন হয় সেই ত্রিভুজের প্রত্যেকটি বাহুর উপর অঙ্কিত বর্গক্ষেত্রের ক্ষেত্রফলের যোগফল নির্ণয় কর। ৪

উত্তর: ক. x-অক্ষকে (2. 0) এবং y-অক্ষকে (0, 3);

খ. $\sqrt{13}$ একক, 3 বর্গ একক; গ. 26 বর্গ একক

REVISION

এ অংশে অধ্যায়ের গুরুত্বপূর্ণ তথ্য ও সূত্র, পরীক্ষার আগে যার উপর চোখ বুলিয়ে নেওয়া প্রয়োজন বা অবশ্যই মনে রাখতে হবে এমন বিষয়সমূহ একনজরে উল্লেখ করা হয়েছে। পরীক্ষার আগে এ বিষয়গুলো রিভিশন দিলে পরীক্ষায় নির্ভুলভাবে অঙ্ক সমাধান করতে পারবে।

- a, b, c ত্রিভুজের তিনটি বাহুর দৈর্ঘ্য হলে এবং s ত্রিভুজের অর্ধপরিসীমা হলে, ত্রিভুজের ক্ষেত্রফল $= \sqrt{s(s-a)(s-b)(s-c)}$ বর্গ একক; যেখানে $s = \frac{1}{2}(a+b+c)$ একক
- $A(x_1, y_1)$, $B(x_2, y_2)$ এবং $C(x_3, y_3)$ ত্রিভুজের তিনটি শীর্ষবিন্দু হলে, ত্রিভুজের ক্ষেত্রফল $= \frac{1}{2}(x_1y_2 + x_2y_3 + x_3y_1 - x_2y_1 - x_3y_2 - x_1y_3)$ বর্গ একক।
- $= \frac{1}{2}\begin{vmatrix} x_1 & x_2 & x_3 & x_1 \\ y_1 & y_2 & y_3 & y_1 \end{vmatrix}$ বর্গ একক
- $A(x_1, y_1)$, $B(x_2, y_2)$, $C(x_3, y_3)$ এবং $D(x_4, y_4)$ চতুর্ভুজের শীর্ষবিন্দু হলে চতুর্ভুজের ক্ষেত্রফল $= \frac{1}{2}\begin{vmatrix} x_1 & x_2 & x_3 & x_4 & x_1 \\ y_1 & y_2 & y_3 & y_4 & y_1 \end{vmatrix}$ বর্গ একক।

SUGGESTION

এখানে অধ্যায়টির অনুশীলনী, বহুনির্বাচনি ও সৃজনশীল প্রশ্নগুলো বিশ্লেষণ করে স্টার মার্কসহ সাজেশন দেওয়া হয়েছে। পরীক্ষার আগে অবশ্যই এ অঙ্কগুলো সমাধান করবে। তাহলে পরীক্ষায় যেকোনো অঙ্কের সমাধান সহজেই করতে পারবে।

সাজেশন | বহুনির্বাচনি প্রশ্ন

	প্রশ্ন নম্বর
★★★	১, ২, ৫, ৭, ৮, ৯, ১৩, ১৪, ১৭, ২০, ২১, ২২, ২৩, ২৬, ২৭, ২৮, ২৯, ৩০, ৩১
★★	৬, ১০, ১১, ১২, ২৪, ২৫, ৩২, ৩৩, ৩৪

সাজেশন | সৃজনশীল রচনামূলক প্রশ্ন

	প্রশ্ন নম্বর
★★★	২, ৩, ৬, ১০, ১১
★★	৫, ৮, ১২

www.bdniyog.com
www.pathagar.com

অধ্যায়-১১

স্থানাঙ্ক জ্যামিতি

অনুশীলনী-১১.৩

অনুশীলনীটি পড়ে যা জানতে পারবে—

১. সরলরেখার ঢাল সম্পর্কে ধারণার ব্যাখ্যা।
২. সরলরেখার ঢাল নির্ণয়।

৭টি অনুশীলনীর প্রশ্ন|
৩৫টি বহুনির্বাচনি প্রশ্ন ■ ১৮টি সাধারণ বহুনির্বাচনি ■ ৮টি বহুপদী সমাপ্তিসূচক ■ ৯টি অভিন্ন তথ্যভিত্তিক
১১টি সৃজনশীল প্রশ্ন ■ ৯টি মাস্টার ট্রেইনার প্রণীত ■ ২টি প্রশ্নব্যাংক

অনুশীলনীর প্রশ্ন ও সমাধান

১. নিম্নোক্ত প্রতিটি ক্ষেত্রে A ও B বিন্দুগামী সরলরেখার ঢাল নির্ণয় কর।

(ক) A(5, – 2) এবং B(2, 1)

(খ) A(3, 5) এবং B(–1, –1)

(গ) A(t, t) এবং B(t^2, t)

(ঘ) A(t, t + 1) এবং B(3t, 5t + 1)

সমাধান:

(ক) দেওয়া আছে, A (5, – 2) এবং B (2, 1)

$\therefore$ A ও B বিন্দুগামী সরলরেখার ঢাল $= \frac{\text{ওঠা}}{\text{হাঁটা}}$

$= \frac{y_2 - y_1}{x_2 - x_1}$

$= \frac{1-(-2)}{2-5} = \frac{3}{-3}$

$= -1$ **(Ans.)**

(খ) দেওয়া আছে, A (3, 5) এবং B (–1, –1)

$\therefore$ A ও B বিন্দুগামী সরলরেখার ঢাল $= \frac{\text{ওঠা}}{\text{হাঁটা}} = \frac{y_2 - y_1}{x_2 - x_1}$

$= \frac{-1-5}{-1-3} = \frac{-6}{-4}$

$= \frac{3}{2}$ **(Ans.)**

(গ) দেওয়া আছে, A (t, t) এবং B (t^2, t)

$\therefore$ A ও B বিন্দুগামী সরলরেখার ঢাল $= \frac{\text{ওঠা}}{\text{হাঁটা}} = \frac{y_2 - y_1}{x_2 - x_1}$

$= \frac{t-t}{t^2-t} = 0$ **(Ans.)**

(ঘ) দেওয়া আছে, A (t, t + 1) ও B (3t, 5t + 1)

$\therefore$ A ও B বিন্দুগামী সরল রেখার ঢাল $= \frac{\text{ওঠা}}{\text{হাঁটা}}$

$= \frac{y_2 - y_1}{x_2 - x_1}$

$= \frac{(5t+1)-(t+1)}{3t-t}$

$= \frac{4t}{2t} = 2$ **(Ans.)**

২. তিনটি ভিন্ন বিন্দু A(t, 1), B(2, 4) এবং C(1, t) সমরেখ হলে t এর মান নির্ণয় কর।

সমাধান: দেওয়া আছে A (t, 1) , B (2, 4) এবং C (1, t)

এখন, AB এর রেখার ঢাল $= \frac{y_2 - y_1}{x_2 - x_1} = \frac{4-1}{2-t} = \frac{3}{2-t}$

এবং BC রেখার ঢাল $= \frac{y_2 - y_1}{x_2 - x_1} = \frac{t-4}{1-2} = \frac{t-4}{-1} = 4-t$

প্রশ্নানুসারে, A, B, C বিন্দু তিনটি সমরেখ।

$\therefore$ AB রেখার ঢাল = BC রেখার ঢাল

বা, $\frac{3}{2-t} = 4-t$

বা, $(4-t)(2-t) = 3$

বা, $8 - 4t - 2t + t^2 = 3$

বা, $t^2 - 6t + 5 = 0$

বা, $t^2 - 5t - t + 5 = 0$

বা, $t(t-5) - 1(t-5) = 0$

বা, $(t-5)(t-1) = 0$

হয় $t - 5 = 0$ অথবা $t - 1 = 0$

$t - 1 \neq 0$ [কারণ A ও C বিন্দু একই বিন্দু হবে]

$\therefore$ $t = 5$ **(Ans.)**

বিকল্প সমাধান:

যেহেতু A(t, 1), B(2, 4) এবং C(1, t) বিন্দুত্রয় সমরেখ। সেহেতু বিন্দুত্রয় দ্বারা গঠিত ত্রিভুজক্ষেত্রের ক্ষেত্রফল শূন্য।

$$\frac{1}{2}\begin{vmatrix} t & 2 & 1 & t \\ 1 & 4 & t & 1 \end{vmatrix} = 0$$

বা, $4t + 2t + 1 - 2 - 4 - t^2 = 0$

বা, $6t - 5 - t^2 = 0$

বা, $t^2 - 6t + 5 = 0$

বা, $t^2 - 5t - t + 5 = 0$

বা, $t(t-5) - 1(t-5) = 0$

বা, $(t-5)(t-1) = 0$

$\therefore$ $t = 5$ অথবা 1

কিন্তু $t = 1$ হলে A ও C বিন্দু একই হয়।

$\therefore$ $t = 1$ গ্রহণযোগ্য নহে।

$\therefore$ $t = 5$ **(Ans.)**

www.bdniyog.com

www.pathagar.com

৩. দেখাও যে, A(0, –3), B(4, – 2) এবং C(16, 1) বিন্দু তিনটি সমরেখ।

সমাধান: দেওয়া আছে, A (0, –3), B (4, –2) এবং C(16, 1)

A, B, C বিন্দু তিনটি সমরেখ হবে যদি AB রেখার ঢাল ও BC রেখার ঢাল সমান হয়।

এখানে, AB রেখার ঢাল $= \frac{y_2 - y_1}{x_2 - x_1} = \frac{-2+3}{4-0} = \frac{1}{4}$

এবং BC রেখার ঢাল $= \frac{y_2 - y_1}{x_2 - x_1} = \frac{1+2}{16-4} = \frac{3}{12} = \frac{1}{4}$

দেখা যাচ্ছে, AB রেখার ঢাল = BC রেখার ঢাল।

∴ A, B, C বিন্দু তিনটি সমরেখ। **(দেখানো হলো)**

বিকল্প সমাধান:

দেওয়া আছে, A(0, –3), B(4, –2) এবং C(16, 1)

ΔABC এর ক্ষেত্রফল

$= \frac{1}{2}\begin{vmatrix} 0 & 4 & 16 & 0 \\ -3 & -2 & 1 & -3 \end{vmatrix}$ বর্গ একক

$= \frac{1}{2}(0 + 4 - 48 + 12 + 32 - 0)$ বর্গ একক

$= \frac{1}{2}(48 - 48)$ বর্গ একক

$= \frac{1}{2} \times 0$ বর্গ একক

$= 0$ বর্গ একক

∴ প্রদত্ত বিন্দুত্রয় দ্বারা গঠিত ত্রিভুজক্ষেত্রের ক্ষেত্রফল শূন্য।

সুতরাং প্রদত্ত A, B ও C বিন্দু তিনটি সমরেখ। **(দেখানো হলো)**

৪. A(1, –1), B(t, 2) এবং $C(t^2, t + 3)$ সমরেখ হলে t এর সম্ভাব্য মান নির্ণয় কর।

সমাধান: দেওয়া আছে, A (1, –1), B (t, 2) এবং C $(t^2, t + 3)$

এখানে, AB রেখার ঢাল $= \frac{y_2 - y_1}{x_2 - x_1} = \frac{2+1}{t-1} = \frac{3}{t-1}$

এবং BC রেখার ঢাল $= \frac{y_2 - y_1}{x_2 - x_1} = \frac{t+3-2}{t^2-t} = \frac{t+1}{t(t-1)}$

এখন A, B, C সমরেখ হলে,

AB রেখার ঢাল = BC রেখার ঢাল

বা, $\frac{3}{t-1} = \frac{t+1}{t(t-1)}$

বা, $3t(t-1) = (t-1)(t+1)$

বা, $3t(t-1) - (t-1)(t+1) = 0$

বা, $(t-1)(3t - t - 1) = 0$

বা, $(t-1)(2t-1) = 0$

∴ $t = 1, \frac{1}{2}$

∴ সম্ভাব্য মানসমূহ $1, \frac{1}{2}$ **(Ans.)**

বিকল্প সমাধান: প্রদত্ত, A(1, –1), B(t, 2) এবং $C(t^2, t + 3)$ বিন্দুত্রয় সমরেখ।

∴ ΔABC এর ক্ষেত্রফল শূন্য হবে।

অর্থাৎ $\frac{1}{2}\begin{vmatrix} 1 & t & t^2 & 1 \\ -1 & 2 & t+3 & -1 \end{vmatrix} = 0$

বা, $2 + t(t+3) - t^2 + t - 2t^2 - (t+3) = 0$

বা, $2 + t^2 + 3t - t^2 + t - 2t^2 - t - 3 = 0$

বা, $-1 + 3t - 2t^2 = 0$

বা, $2t^2 - 3t + 1 = 0$

বা, $2t^2 - 2t - t + 1 = 0$

বা, $2t(t-1) - 1(t-1) = 0$

বা, $(t-1)(2t-1) = 0$

হয়, $t - 1 = 0$ অথবা $2t - 1 = 0$

$t = 1$ $t = \frac{1}{2}$

t এর সম্ভাব্য মানসমূহ $1, \frac{1}{2}$ **(Ans.)**

৫. A(3, 3p) এবং $B(4, p^2 + 1)$ বিন্দুগামী রেখার ঢাল – 1 হলে p এর মান নির্ণয় কর।

সমাধান: A (3, 3p) এবং B $(4, p^2 + 1)$ বিন্দুগামী সরলরেখার ঢাল

$= \frac{y_2 - y_1}{x_2 - x_1} = \frac{p^2 + 1 - 3p}{4 - 3} = p^2 - 3p + 1$

প্রশ্নানুসারে,

$p^2 - 3p + 1 = -1$

বা, $p^2 - 3p + 2 = 0$

বা, $p^2 - 2p - p + 2 = 0$

বা, $p(p-2) - 1(p-2) = 0$

বা, $(p-2)(p-1) = 0$

∴ $p = 2, 1$

∴ p এর মান 2, 1 **(Ans.)**

৬. প্রমাণ কর যে, A(a, 0), B(0, b) এবং C(1, 1) সমরেখ হবে, যদি $\frac{1}{a} + \frac{1}{b} = 1$ হয়।

সমাধান: দেওয়া আছে, A(a, 0), B(0, b) এবং C(1, 1)

যেহেতু বিন্দুত্রয় সমরেখ। অতএব,

AB এর ঢাল = BC এর ঢাল

∴ $\frac{b-0}{0-a} = \frac{1-b}{1-0}$

বা, $\frac{b}{-a} = \frac{1-b}{1}$

বা, $b = -a + ab$

বা, $ab = a + b$

বা, $1 = \frac{1}{b} + \frac{1}{a}$ [উভয়পক্ষকে ab দ্বারা ভাগ করে]

∴ $\frac{1}{a} + \frac{1}{b} = 1$ **(প্রমাণিত)**

বিকল্প সমাধান: দেওয়া আছে, $\frac{1}{a} + \frac{1}{b} = 1$ বা, $ab = a + b$

∴ $ab - b - a = 0$

প্রদত্ত A(a, 0), B(0, b) এবং C(1, 1) বিন্দুত্রয় দ্বারা গঠিত ত্রিভুজ এর ক্ষেত্রফল

$= \frac{1}{2}\begin{vmatrix} a & 0 & 1 & a \\ 0 & b & 1 & 0 \end{vmatrix}$ বর্গ একক

$= \frac{1}{2}(ab + 0 + 0 - 0 - b - a)$ বর্গ একক

$= \frac{1}{2}(ab - b - a)$ বর্গ একক

$= \frac{1}{2} \times 0$ বর্গ একক

$= 0$ বর্গ একক

∴ প্রদত্ত বিন্দুত্রয় দ্বারা গঠিত ত্রিভুজের ক্ষেত্রফল শূন্য।

সুতরাং A(a, 0), B(0, b) এবং C(1, 1) বিন্দুত্রয় সমরেখ।

(প্রমাণিত)

www.bdniyog.com

www.pathagar.com

৭. A(a, b), B(b, a) এবং $C\left(\frac{1}{a}, \frac{1}{b}\right)$ সমরেখ হলে প্রমাণ কর যে, $a + b = 0$

সমাধান: দেওয়া আছে, A (a, b), B (b, a) এবং $C\left(\frac{1}{a}, \frac{1}{b}\right)$

AB রেখার ঢাল $= \frac{a-b}{b-a} = \frac{a-b}{-(a-b)}$
$= -1$

এবং BC রেখার ঢাল $= \frac{\frac{1}{b}-a}{\frac{1}{a}-b} = \frac{\frac{1-ab}{b}}{\frac{1-ab}{a}}$
$= \frac{1-ab}{b} \times \frac{a}{1-ab}$
$= \frac{a}{b}$

এখন A, B, C সমরেখ হলে,
AB রেখার ঢাল = BC রেখার ঢাল
বা, $-1 = \frac{a}{b}$
বা, $a = -b$
$\therefore a + b = 0$
$\therefore$ A, B, C সমরেখ হলে $a + b = 0$ **(প্রমাণিত)**

মাস্টার ট্রেইনার প্রণীত সৃজনশীল বহুনির্বাচনি প্রশ্ন

★★★ ১১.৪ সরলরেখার ঢাল | Text পৃষ্ঠা-২৪৪

- কোনো সরলরেখা x-অক্ষের ধনাত্মক দিকের সাথে যে কোণ উৎপন্ন করে তার ত্রিকোণমিতিক ট্যানজেন্টকে রেখাটির ঢাল বলে।
- একটি সরলরেখা AB যখন $A(x_1, y_1)$ ও $B(x_2, y_2)$ বিন্দু দিয়ে অতিক্রম করে তখন তার ঢাল, $m = \frac{y_2 - y_1}{x_2 - x_1}$
- ঢাল ধনাত্মক হলে রেখা দ্বারা x-অক্ষের ধনাত্মক দিকের সাথে উৎপন্ন কোণ সূক্ষ্মকোণ এবং ঋণাত্মক হলে রেখা দ্বারা x-অক্ষের ধনাত্মক দিকের সাথে উৎপন্ন কোণ একটি স্থূলকোণ।
- উৎপন্ন কোণ শূন্য বা সমকোণ হলে ঢাল নির্ণয় করা সম্ভব নয়।

১. বীজগণিতে দুই চলকের একঘাত সমীকরণ কী নির্দেশ করে? (সহজ)
ক বৃত্ত খ বক্ররেখা
গ সরলরেখা ঘ বিন্দু **গ**

২. কোনো সরলরেখা দ্বারা x-অক্ষের ধনাত্মক দিকের সাথে 30° কোণ উৎপন্ন করলে ঢাল m এর জন্য নিচের কোনটি সত্য? (সহজ)
ক $m = \tan 30°$ খ $30° = \tan m$
গ $m = \frac{1}{\tan 30°}$ ঘ $m = \cot 30°$ **ক**

৩. A(2, 3) ও B(3, 6) হলে AB রেখার ঢাল কত? (মধ্যম)
[যশোর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, যশোর]
ক –3 খ –1 গ 1 ঘ 3 **ঘ**

ব্যাখ্যা: $m = \frac{6-3}{3-2} = \frac{3}{1} = 3$

৪. A(1, – 1) ও C(4, t) বিন্দু দিয়ে অতিক্রান্ত সরল রেখার ঢাল 3 হলে t = ? (মধ্যম)
ক 6 খ 8 গ 9 ঘ 10 **খ**

ব্যাখ্যা: $\frac{t+1}{4-1} = 3$ বা, $\frac{t+1}{3} = 3$ বা, $t + 1 = 9$ বা, $t = 8$.

৫. AB রেখা দ্বারা x-অক্ষের ধনাত্মক দিকের সাথে উৎপন্ন কোণ সূক্ষ্মকোণ হলে ঢালের প্রকৃতি কিরূপ? (সহজ)
ক ধনাত্মক খ ঋণাত্মক গ শূন্য ঘ অবাস্তব **ক**

৬. CD সরলরেখার ঢাল ঋণাত্মক হলে রেখাটি x-অক্ষের ধনাত্মক দিকের সাথে কোন ধরনের কোণ উৎপন্ন করে? (সহজ)
ক সূক্ষ্মকোণ খ সমকোণ
গ স্থূলকোণ ঘ সরলকোণ **গ**

৭. A(2, 2) ও C(2, 7) বিন্দুদ্বয়ের সংযোগ রেখার ঢাল কত? (কঠিন)
ক –1 খ 0 গ $\sqrt{3}$ ঘ অনির্ণেয় **ঘ**

ব্যাখ্যা: $m = \frac{7-2}{2-2} = \frac{5}{0}$ = অনির্ণেয়।

৮. দুটি বিন্দুর ভুজদ্বয় সমান হলে, তাদের সংযোগ রেখা x-অক্ষের সাথে যে কোণ তৈরি করে তার পরিমাণ কত ডিগ্রি? (মধ্যম)
ক 0 খ 45 গ 90 ঘ 180 **গ**

ব্যাখ্যা: ভুজদ্বয় সমান হলে রেখাটি y-অক্ষের সমান্তরাল অর্থাৎ x অক্ষের উপর লম্ব।

৯. (3, 8) এবং (7, p) বিন্দুর সংযোগ রেখার ঢাল –3 হলে p এর মান কত? (কঠিন)
ক –4 খ –1 গ 2 ঘ 4 **ক**

ব্যাখ্যা: $m = \frac{y_2 - y_1}{x_2 - x_1} = -3$ বা, $\frac{p-8}{7-3} = -3$
বা, $p - 8 = -12$ $\therefore p = -4$

১০. (a, 1) এবং (–1, a) বিন্দুদ্বয়ের সংযোগ রেখার ঢাল 3 হলে a এর মান কত? (কঠিন)
ক 3 খ $\frac{1}{2}$ গ $-\frac{1}{2}$ ঘ –2 **গ**

ব্যাখ্যা: $m = \frac{y_2 - y_1}{x_2 - x_1}$ বা, $\frac{a-1}{-1-a} = 3$
বা, $a - 1 = -3 - 3a$
বা, $4a = -3 + 1 = -2$ $\therefore a = -\frac{1}{2}$

১১. A(t, t + 1) এবং B(3t, 5t + 1) বিন্দুগামী রেখার ঢাল কত? (কঠিন)
ক 2 খ 3 গ 4 ঘ 5 **ক**

ব্যাখ্যা: $m = \frac{y_2 - y_1}{x_2 - x_1}$
$= \frac{5t + 1 - t - 1}{3t - t} = \frac{4t}{2t} = 2$

১২. A(2, 3) ও B(6, 7) বিন্দু দিয়ে গমনকারী সরল রেখার ঢাল কত? (সহজ)
ক 1 খ 2 গ 3 ঘ 4 **ক**

ব্যাখ্যা: $m = \frac{6-2}{7-3} = \frac{4}{4} = 1$.

১৩. একটি সরলরেখা অঙ্কন করতে সর্বনিম্ন কয়টি বিন্দু প্রয়োজন? (সহজ)
ক 1 খ 2 গ 3 ঘ 4 **খ**

১৪. একটি সরলরেখা x-অক্ষের ধনাত্মক দিকের সাথে θ কোণ তৈরি করলে সরলরেখার ঢাল m = কত? (সহজ)
ক $\tan\theta$ খ $\cot\theta$ গ $\sin\theta$ ঘ $\cos\theta$ **ক**

১৫. একটি সরলরেখার ঢাল ঋণাত্মক হলে x-অক্ষের ধনাত্মক দিকের সাথে উৎপন্ন কোণ কিরূপ? (সহজ)
ক সূক্ষ্মকোণ খ স্থূলকোণ
